

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন: ০২-৮৮৭৯২৯৯ ফ্যাক্স নং: ০২-৮৮৭৯১৯৯
e-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ৩৫.০০.০০০০.০৩৯.২৫.০০৪.১৩-০৮

তারিখঃ- ০৪/১১/১৩


বিষয়: Unicode (Nikosh Font) ভিত্তিক বাংলা সফটওয়্যার ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের স্মারক নং ৩৫.০০.০০০০.০৩৯.২৫.০০৪.১৩-০৩, তারিখঃ ২০-০২-২০১৪।
২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের স্মারক নং ৩৫.০০.০০০০.০৩৯.২৫.০০৪.১৩-০৮, তারিখঃ ১৪-০১-২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরের অধীনস্থ দপ্তরসমূহের সকল কর্মকর্তা কর্মচারীগণকে বাংলা টাইপিং এর ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। সরকারি কাজে কম্পিউটারে ইউনিকোড বাংলা ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সওজ অধিদপ্তর হতে সকল কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া সত্ত্বেও মন্ত্রণালয়/অধিদপ্তরে প্রায়শঃ Unicode (Nikosh Font) ব্যতিরেকে অন্য Software এ পত্র তৈরী করে পাঠানো হচ্ছে যা কাম্য নয় এছাড়াও প্রত্যেক পত্রের ফুটারে সংশ্লিষ্ট কম্পিউটার অপারেটর এর নাম থাকা আবশ্যিক।

উল্লেখ্য যে, অত্র দপ্তরের স্মারক নং-১৩২৬-প্রঃপ্রঃ, তারিখঃ ৩০/০৩/২০১৫ প্রেক্ষিতে সওজ অধিদপ্তরে সকল অফিসে Unicode (Nikosh Font) এর মাধ্যমে পত্র প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

এমতাবস্থায়, Unicode (Nikosh Font) ছাড়া অন্য কোন ফন্ট ব্যবহার করে সরকারি কোন চিঠি প্রেরণ করা হলে সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগত ভাবে দায়ী থাকবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে মর্মে অফিস আদেশ জারী করা হবে।



(ইবনে আলম হাসান)

পরিচিতি নং-০০১০৩৩

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/রিজ ম্যানেজমেন্ট উইং/ টেকনিক্যাল সার্ভিসেস উইং/ যান্ত্রিক উইং/ ঢাকা জোন/ কুমিল্লা জোন/ চট্টগ্রাম জোন/ সিলেট জোন/ রংপুর জোন/ রাজশাহী জোন/ খুলনা জোন/ গোপালগঞ্জ জোন/ বরিশাল জোন/ ময়মনসিংহ জোন।
- ২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
- ৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ)/ অতিঃ প্রকল্প পরিচালক (তঃপ্রঃ)
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ,
- ৫। প্রধান বৃক্ষপালনবিধ, সড়ক গবেষণাগাড়, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, সওজ,
- ৮। প্রজেক্ট ম্যানেজার (নিঃপ্রঃ, সওজ)
- ৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ,
- ১০। উপ-পরিচালক, নিরাপত্তা দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।